

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৫৬০

১/ পবিত্রতা ও তার সুন্নাতসমূহ (کتاب الطهارة وسننها)

পরিচ্ছেদঃ ১/৮৮. সুতি মোজা ও জুতার উপরিভাগ মাসহ করা।

بَابِ مَا جَاءَ فِي الْمَسْحِ عَلَى الْجَوْرَبَيْنِ وَالنَّعْلَيْنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا مُعَلِّى بْنُ مَنْصُورٍ، وَبِشْرُ بْنُ آدَمَ، قَالاَ حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، عَنْ عِيسَى بْنِ سِنَانٍ، عَنِ الضَّحَّاكِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَرْزَبٍ، عَنْ أَبِي مُوسَى يُونُسَ، عَنْ عَرْزَبٍ، عَنْ أَبِي مُوسَى الأَشْعَرِيِّ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ تَوَضَّا وَمَسَحَ عَلَى الْجَوْرَبَيْنِ وَالنَّعْلَيْنِ . قَالَ الْمُعَلَّى فِي حَدِيتِهِ لاَ أَعْلَمُهُ إِلاَّ قَالَ وَالنَّعْلَيْنِ .

বাংলা

২/৫৬০। আবৃ মূসা আল-আশআরী (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উযূ (ওজু/অজু/অযু) করেন এবং সুতি মোজাদ্বয় ও জুতা জোড়ার উপর মাসহ(মাসেহ) করেন। মুআল্লা (রহঃ) তার বর্ণিত হাদীসে বলেন, আমি অবশ্যি জানি যে, তিনি জুতা জোড়ার কথা বলেছেন।

English

It was narrated from Abu Musa Al-Ash'ari that:

The Messenger of Allah performed ablution and wiped over his socks and his sandals.

ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ১৪৭। উক্ত হাদিসের রাবী ঈসা বিন সিনান সম্পর্কে ইবনু খিরাশ বলেন, তিনি সত্যবাদী। আল আজালী বলেন, কোন সমস্যা নেই। ইবনু হিব্বান তাকে সিকাহ বললেও আহমাদ বিন হাম্বল বলেন, তিনি দুর্বল। ইয়াহইয়া বিন মাঈন বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও সংমিশ্রণ করেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=10778}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন